

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.৩২.০০১.১৬. ২৯৯

তারিখঃ ০৫/১২/২০১৯খ্রিঃ

বিষয়ঃ উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম: এলএসডি/সিএসডি হতে খাদ্যশস্য বিতরণকালে বিতরণকৃত সিল প্রদান কার্যক্রম বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলএসডি/সিএসডি হতে খাদ্যশস্য বিতরণকালে নিম্নবর্ণিত সমস্যাসমূহ দেখা যায়ঃ

ক. এলএসডি/সিএসডি হতে খাদ্যশস্য বিতরণকালে বস্তায় বিতরণকৃত সিল/বিতরণ চিহ্ন না থাকায় বিতরণকৃত খাদ্যশস্যের বস্তা এবং গুদামের হিসাবভুক্ত খাদ্যশস্যের বস্তার মধ্যে পার্থক্য নিরূপণ করা যায় না।


খ. গুদাম হতে বিতরণকৃত খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রমের সময় অসাধু ব্যক্তির মাধ্যমে পুনরায় গুদামে ফেরত আসার সুযোগ থাকে।

গ. আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, খাদ্যশস্য ব্যবসায়ী ও এলএসডি কর্তৃপক্ষের মধ্যে প্রায়শঃ ভুল বোঝাবুঝি/বিভ্রান্তির সৃষ্টি হয়।

ঘ. খাদ্য অধিদপ্তরের সিলমোহরকৃত খালি বস্তায় বেসরকারি পর্যায়ে খাদ্যশস্য মজুত রাখা সংক্রান্ত অযাজিত সমস্যা সমাধানে খাদ্য বিভাগ, আইনশৃঙ্খলা বাহিনী ও স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের সরকারি মূল্যবান কর্মঘণ্টা নষ্ট হয়।

উপরোক্ত সমস্যাসমূহ সমাধানকল্পে নিম্নবর্ণিত প্রসেস ম্যাপ অনুসারে ডেলিভারি বস্তায় অমোচনীয় কালি ব্যবহার করে 'বিতরণকৃত' সিল প্রদান পদ্ধতি উদ্ভাবনী আইডিয়া জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়াকে পরীক্ষামূলকভাবে (প্রসেস ম্যাপসহ পাইলট আকারে) বাস্তবায়নের জন্য অনুমতি প্রদান করা হলো।

প্রস্তাবিত প্রসেস ম্যাপ:



০৫/১২/১৯
(মঞ্জুর আলম)
সিস্টেম এনালিস্ট
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট


প্রাপকঃ জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.৩২.০০১.১৬.

তারিখঃ ০৫/১২/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৭) উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম


(মঞ্জুর আলম)
সিস্টেম এনালিস্ট